

💵 যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম প্রকার যাদু রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

জ্বিনে এক মহিলার পা ধরে রাখা

এক মহিলা আমার কাছে এসে বলল, তার পায়ে অত্যান্ত ব্যাথা। আমি মনে করলাম যে, হয়তো তার পা কোন ব্যাধির কারণে এমন হয়েছে। কেননা সে একেবারেই পা উঠাতে পারছিল না। তবুও আমি ঝাড়-ফুক শুরু করলাম। সেই মহিলা সূরা ফাতেহা শোনামাত্রই বেহুশ হয়ে গেল। আর জ্বিন কথা বলতে লাগল, সে বললঃ সে এই মহিলার পা ধরে রেখেছে। আমি তাকে বললাম, আল্লাহ তায়ালার সন্তুষ্টি অর্জন করতে চাইলে এই মহিলার ভেতর থেকে বেরিয়ে যাও। আলহামদুলিল্লাহ সেই মহিলা থেকে জ্বিন বের হয়ে গেল। আর সে হাটা শুরু করল।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5936

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন